বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
প্রশাসন পরিদপ্তর

তারিখ: ২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩০.৩৪.০০০০.০২৪.৫৯.০০১.২০.১২১

**অফিস আদেশ নম্বর: ১০১/২০২৪**

**বিষয়: বিমানের ভাড়া গাড়ীর ফিটনেস সংক্রান্ত কার্যক্রম নিয়মিত মনিটরিং/পরিদর্শন সংক্রান্ত কমিটি।**

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিমানের রুট ভিত্তিক পিকআপ-ড্রপের ভাড়া গাড়ীর ফিটনেস সংক্রান্ত কার্যক্রম নিয়মিত মনিটরিং/পরিদর্শনের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো-

ক) উপ-মহাব্যবস্থাপক (পার্সোনেল) - আহবায়ক
খ) ব্যবস্থাপক (ব্যয়ন) - সদস্য-সচিব
গ) উপ-ব্যবস্থাপক/সহঃ-ব্যবস্থাপক (সিকিউরিটি-নন অপারেশনাল এরিয়া) - সদস্য
ঘ) সংশ্লিষ্ট রুটের মনিটর - সদস্য

কমিটি প্রয়োজনবোধে যে কোন কর্মকর্তা/কর্মচারীকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি (ToR) নিম্নরূপঃ-
(ক) কমিটি নিয়মিত (৩মাসে অন্তত ১ বার) বিমানের ভাড়াকৃত গাড়ী সমূহ প্রয়োজনে পরিদর্শন/মনিটরিং পূর্বক গাড়ীগুলোর সার্বিক অবস্থা, অনুমোদিত গাড়ী সরবরাহ হচ্ছে কিনা ইত্যাদি বিষয় তদারকি করবে;
(খ) পরিদর্শন/মনিটরিং-এ প্রাপ্ত তথ্য প্রতিবেদন আকারে পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) বরাবর দাখিল করবে;
(গ) ভাড়াকৃত গাড়ীর বিষয়ে কমিটির কোন পর্যবেক্ষণ/সুপারিশ থাকলে তা প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৭-১২-২০২৪
মোঃ মতিউল ইসলাম চৌধুরী
পরিচালক প্রশাসন (যুগ্মসচিব)

তারিখ: ২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩০.৩৪.০০০০.০২৪.৫৯.০০১.২০.১২১/১ (৭)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-
১। পরিচালক (সকল)।
২। সকল উপ-মহাব্যবস্থাপক ও সমমর্যাদার পদ।
৩। সকল ব্যবস্থাপক ও সমপদ মর্যাদা।
৪। সকল মহাব্যবস্থাপক ও সমমর্যাদার পদ।
৫। ইনচার্জ সকল এডমিন সেল।

৬। উপ-ব্যবস্থাপক প্রশাসন, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এর সচিবালয়, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড।
৭। সহ: ব্যবস্থাপক প্রশাসন (অতি: দায়িত্ব ), প্রশাসন ও মানব সম্পদ পরিদপ্তর, বিমান।

১৮-১২-২০২৪
রোকন উদ্দিন আহমেদ
সহকারী ব্যবস্থাপক প্রশাসন